# B.A. Semester-III Examination, 2022-23

## বাংলা [অনার্স]

**Course ID : 30113** **Course Code : AH/BNG/303/C-7**

**Course Title : ভাষাবিজ্ঞান (বর্ণনামূলক ভাষাবিজ্ঞান)**

সময় : ২ ঘন্টা পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) সক্রিয় উচ্চারক কাকে বলে? উদাহরণ দাও।

খ) দ্বৈত উচ্চারণ কাকে বলে? উদাহরণ সহ বুঝিয়ে দাও।

গ) সমধ্বনি লোপ কাকে বলে? উদাহরণ দাও।

ঘ) দৃষ্টান্তসহ আদিস্বরাগমের সংজ্ঞা দাও।

ঙ) উদাহরণসহ সংকর শব্দের সংজ্ঞা নির্দেশ করো।

চ) 'পাষণ্ড' শব্দটির অর্থ পরিবর্তনের ক্রমগুলি দেখিয়ে এটি শব্দার্থ পরিবর্তনের কোন্ ধারার অন্তর্ভুক্ত লেখো।

ছ) রূপিম ও অক্ষরের দুটি পার্থক্য লেখো।

জ) উদাহরণসহ মুক্ত রূপিমের সংজ্ঞা দাও।

(পরের পাতায়)

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) উদাহরণসহ টীকা লেখো : অপিনিহিতি, নাসিক্যীভবন।

খ) স্বরাগমের শ্রেণিবিভাগগুলি উদাহরণসহ আলোচনা করো।

গ) বাংলা শব্দভাণ্ডার গঠনে মৌলিক বা নিজস্ব শব্দের ভূমিকা বিষয়ে আলোচনা করো।

ঘ) ধ্বনি সমষ্টির রূপিম বা মূল রূপ হওয়ার আবশ্যিক শর্তগুলি লেখো

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) উচ্চারণ প্রকৃতি অনুসারে ব্যঞ্জনধ্বনির শ্রেণিবিভাজন করো।

খ) ধ্বনির রূপান্তরের প্রধান প্রধান সূত্রগুলি নিজের ভাষায় আলোচনা করো।

গ) শব্দার্থ তত্ত্ব কাকে বলে? শব্দার্থ পরিবর্তনের ত্রিধারা সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো।

ঘ) কারক কাকে বলে? উদাহরণসহ বাংলা কারকের পরিচয় দাও।

———————